# স্থানীয় সরকার নির্বাচনে দলীয় প্রতীক নিয়ে ইসির বক্তব্য প্রশ্নবিদ্ধ: আসিফ মাহমুদ



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

সিটি করপোরেশনসহ স্থানীয় সরকার নির্বাচনে দলীয় প্রতীক ব্যবহারের প্রশ্নে নির্বাচন কমিশনের বক্তব্যকে বিভ্রান্তিকর বলে আখ্যা দিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া।

রোববার (২২ ফেব্রুয়ারি) নিজের ভেরিফায়েড ফেসবুক পোস্টে তিনি জানান, সংস্কার কমিশনের সুপারিশ অনুযায়ী উপদেষ্টা পরিষদের সময়েই স্থানীয় সরকার নির্বাচন থেকে দলীয় প্রতীকের বিধান বাতিল করে প্রয়োজনীয় আইন সংশোধন করা হয়েছে। ফলে সিটি নির্বাচনসহ সব স্থানীয় সরকার নির্বাচনে প্রার্থীরা দলীয় মনোনয়ন ও প্রতীক ছাড়া অংশ নিতে পারবেন।

তিনি দাবি করেন, রাজনৈতিক দল, সুশীল সমাজ ও সাধারণ মানুষের দীর্ঘদিনের দাবির পরিপ্রেক্ষিতেই এই পরিবর্তন আনা হয়েছে। তাই এ বিষয়ে ইসির সাম্প্রতিক বক্তব্য বাস্তবতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয় বলেও মন্তব্য করেন তিনি। একই সঙ্গে স্থানীয় সরকার সংক্রান্ত আইন ভালোভাবে পর্যালোচনা করে মত দেওয়ার আহ্বান জানান নির্বাচন কমিশনের প্রতি।

এর আগে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ বলেন, আসন্ন স্থানীয় সরকার নির্বাচনে মেয়র পদে দলীয় প্রতীকে ভোট হবে কি না, তা চূড়ান্তভাবে নির্ভর করছে জাতীয় সংসদের সিদ্ধান্তের ওপর। বর্তমান সংসদে বিএনপি সংখ্যাগরিষ্ঠ হওয়ায় এ বিষয়ে আইন বহাল থাকবে কি না, সেটি মূলত সংসদের অবস্থানের ওপর নির্ভর করবে।